

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/২৯ মে, ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০১-আইন/২০১৪।—যেহেতু, সরকার The Explosives Act, 1884 (IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ০৫ ডিসেম্বর, ২০১৩ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৬৩-আইন/২০১৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো নিকট হইতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু, সরকার উক্ত Act এর section 5, section 18 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরিউক্ত বিধিমালার—

- (ক) বিধি ৩৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “৫০০ (পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১,০০০ (এক হাজার) টাকা হারে সর্বোচ্চ ৮,০০০ (আট হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ১৮১ এর—
- (অ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “২,০০০.০০” এবং “১,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “৪,০০০ (চার হাজার)” এবং “২,০০০ (দুই হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪৭৫৯)

মূল্য : টাকা ৪.০০

- (আ) উপ-বিধি (১৬) এ উল্লিখিত “৫০০.০০” সংখ্যা ও ডটের পরিবর্তে “১,০০০ (এক হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি হইবে;
- (গ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর—
- (অ) অনুচ্ছেদ (অ) তে উল্লিখিত “৩,০০০.০০” এবং “৮,০০০.০০” সংখ্যাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “৬,০০০ (ছয় হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) অনুচ্ছেদ (আ) তে উল্লিখিত “৫,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “১০,০০০ (দশ হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর—
- (অ) অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত “২,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “৪,০০০ (চার হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি ও বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) অনুচ্ছেদ (খ) এ উল্লিখিত “১,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “২,০০০ (দুই হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর—
- (অ) অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত “১,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “২,০০০ (দুই হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) অনুচ্ছেদ (খ) এ উল্লিখিত “৫০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমা ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (চ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর—
- (অ) দফা (ঙ) এ উল্লিখিত “২,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) দফা (চ) এ উল্লিখিত “৩,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে “৫,০০০ (পাঁচ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) বিধি ১৮২ এর উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত “৩,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে
“১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এ উল্লিখিত “১,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে
“২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা
অতিরিক্ত সচিব।